



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/পনি/কামিল-২/৭৩/২০২১/ ৭৫৪৩

তারিখ : ২৭-০৭-২০২২ খ্রিস্টাব্দ


## বিজ্ঞপ্তি

### কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০ এর মৌখিক পরীক্ষা সংক্রান্ত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০ এর মৌখিক পরীক্ষা আগামী ২৮/০৭/২০২২ খ্রি. তারিখ থেকে শুরু হবে। মৌখিক পরীক্ষা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে মনোনীত অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকগণের পত্র প্রেরণ করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রের সম্মানিত ভারপ্রাপ্ত কর্মকর্তা মনোনীত পরীক্ষকগণের সাথে যোগাযোগ করে আগামী ৩১/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে মৌখিক পরীক্ষা সম্পন্ন করবেন।

#### নির্দেশিকা:

- পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মৌখিক পরীক্ষার নম্বর তৎক্ষণাৎ ওয়েবসাইটের মাধ্যমে সফটওয়্যারে ইনপুট দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। সফটওয়্যার থেকে প্রাপ্ত প্রিন্ট কপিতে পরীক্ষকগণের স্বাক্ষর ও সীলমোহর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন এবং এক কপি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন।
- দৈনিক সর্বোচ্চ ১০০ (একশত) জন পরীক্ষার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে।
- সম্মানিত পরীক্ষকগণ পরীক্ষা গ্রহণ করার পরপর পরীক্ষার সময়, স্থান ও সার্বিক পরিস্থিতি উল্লেখপূর্বক একটি সম্মিলিত প্রতিবেদন পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন।
- মৌখিক পরীক্ষার নম্বর ওয়েবসাইটের মাধ্যমে সফটওয়্যারে ইনপুট দেয়ার নিয়মাবলী -
  - বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট center.iau.edu.bd এ প্রবেশ করুন
  - প্রবেশ করার পর অবশ্যই “তথ্য লিপিবদ্ধকরণের নির্দেশিকা” বাটন এ ক্লিক করুন এবং নির্দেশিকা অনুসরণ করুন।
  - Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করুন।
  - পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই মৌখিক পরীক্ষা এবং ইনকোর্স/টিউটোরিয়াল পরীক্ষার্থীদের তালিকা লিপিবদ্ধ করতে হবে।
  - লিপিবদ্ধ করা শেষ হলে Final Lock বাটনে ক্লিক করে Print করুন।



(প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ)

প্রো-ভাইস চ্যান্সেলর

ও

পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং-ইআবি/পনি/কামিল-২/৭৩/২০২১/

তারিখ : ২৭-০৭-২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
২. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৩. উপাচার্যের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৪. প্রো- উপাচার্যের একান্ত সচিব (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা কেন্দ্র-২০২০
৬. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭. অফিস কপি



(মোঃ হারুনুর রশিদ)

প্রভাষক (আরবি)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা